৳১০০ ৳১০০

একশত টাকা

কঢ ৮৮৬৩৫১৩

# ‘সমঝোতা স্মারক’

১ম পক্ষ: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পক্ষে

**জনাব মো. জাকির হোসেন আকন্দ**
অতিরিক্ত সচিব (ত্রাণ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২য় পক্ষ: **Infrastructure Development Company Limited (IDCOL)** এর পক্ষে

**জনাব মাহ্‌মুদ মালিক**
নির্বাহী পরিচালক
ইউটিসি ভবন, লেভেল-১৬, ৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।

**প্রেক্ষাপট:**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে গ্রামীণ অবকাঠোমো সংস্কার (কাবিটা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচী কাজ চালু রয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের বিগত ২১/৭/২০১৪ খ্রি. তারিখের ১৬৯ স্মারকে প্রদত্ব নির্দেশনা মোতাবেক উভয় কর্মসূচীর ৫০% বরাদ্দে সোলার হোম সিস্টেম, সোলার মিনি/ মাইক্রো/ ন্যানো গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা প্রকল্প বাস্তবায়ন’ করা হচ্ছে।

গত ০৩ এপ্রিল/২০১৬ খ্রি. তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশিকা মোতাবেক কাবিটা ও টি.আর খাতের ৫০% অর্থ/খাদ্যশস্য দ্বারা Solar system সরবরাহের কাজ বিভিন্ন Partner organization (PO) এর মাধ্যমে IDCOL সম্পাদন করছে। চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে সোলার সিস্টেম স্থাপন ও এর গুনগতমান নিশ্চিত করতে IDCOL এর PO দের মাধ্যমে Solar system এর কাজ সম্পাদন ও বাস্তবায়ন করতে হবে।

**নিম্নে উভয় পক্ষের উদ্দেশ্য ও করণীয় নির্ধারিত হলো:**

২। **১ম পক্ষের উদ্দেশ্য:**

(১) Solar System সহ সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্লান্ট ও উন্নত চুলা স্থাপনের মাধ্যমে গ্রামীণ জনজীবনের মানোন্নয়ন;
(২) মানসম্মত সোলার সিস্টেম স্থাপন নিশ্চিতকরণ;
(৩) সুবিধাভোগীদের বিক্রয়োত্তর সেবা নিশ্চিত করন।

৩। **চুক্তির উদ্দেশ্য:**

(১) এই চুক্তি মোতাবেক IDCOL দাখিলকৃত তালিকার ২৬টি উপকরণ (পত্র নং- IDCOL/ Kabikha-TR/2017-01, Dated: 01 January, 2017 মূলে) নির্ধারিত মূল্যে সারাদেশে PO এর মাধ্যমে স্থাপন নিশ্চিত করা।
(২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প বাস্তবায়নের সমস্যা চিহ্নিতকরণ। চিহ্নিত সমস্যা PO সংশ্লিষ্ট হলে তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে IDCOL-কে নির্দেশনা দেয়া।

অপর পাতা দ্রষ্টব্য

৳১০০ ৳১০০

একশত টাকা

কঢ ৮৮৬৩৫১৪



(৩) স্থাপিত সকল Solar System এর ক্ষেত্রে ০৩ (তিন) বছর বিনামূল্যে Service প্রদানে IDCOL এর বাধ্যবাধকতা নিশ্চিত করা।

৪। **১ম পক্ষের করনীয়:**

(১) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর IDCOL এর কার্যক্রম পরিচালনায় প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করবে।

(২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর কর্মকর্তাগণ PO এর কার্যক্রম নিয়মিত তদারকি ও মূল্যায়ন করবেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় একইভাবে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে তদারকি ও মূল্যায়নের দিক নির্দেশনা দিবে।

(৩) সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদের সাথে সমন্বয় সাধন।

(৪) পিও-দের কর্ম এলাকা বন্টন অনুমোদন করা।

৫। **২য় পক্ষের করণীয়:**

(১) নির্ধারিত মূল্যে (সংযুক্ত তালিকা মোতাবেক) জেলা/ উপজেলা প্রশাসনের সাথে পরামর্শক্রমে কর্মসূচী বাস্তবায়ন করবে;

(২) বিক্রয়োত্তোর সেবা নিশ্চিতকরণকল্পে জামানত হিসেবে ১০% টাকা সংরক্ষণের বিষয়টি PO-দের অবহিত রাখবেন;

(৩) Partner Organization ০৩ (তিন) বছর বিনামূল্যে বিক্রয়াত্তোর Service প্রদানের পর জামানতের অর্থ ফেরৎ পাবে;

(৪) Partner Organization এর দায়িত্ব পরিবর্তন/ নতুনভাবে নিয়োগে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে;

(৫) Partner Organization এর বিরুদ্ধে অনিয়ম অথবা রাষ্ট্র বিরোধীতায় সংশ্লিষ্টতার কোন অভিযোগ উত্থাপিত হলে মন্ত্রণালয় তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করবে। অভিযোগ সত্য প্রমাণিত হলে সংশ্লিষ্ট PO এর নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক ইডকলের অনুমোদিত তালিকা হতে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে নতুন PO নিয়োগ করবে;

(৬) প্রত্যেক উপজেলায় PO নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট PO গণ যে সকল উপজেলায় কাজ করবে তাদের সে সকল উপজেলায় ঠিকানাসহ অবশ্যই অফিস থাকতে হবে;

(৭) পার্টনার অর্গানাইজেশনের কাজ বন্টনের ক্ষেত্রে সক্ষমতার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে;

(৮) মাঠ পর্যায়ে স্থাপনকৃত সিস্টেমসমূহের গুনগত মান ও সেবা নিশ্চিত করার জন্য ইডকল তদারকি নিশ্চিত করবে;

(৯) উপজেলা পর্যায়ে এ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সোলার সিস্টেম বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে।

অপর পাতা দ্রষ্টব্য

৳১০০ ৳১০০

একশত টাকা



কচ ৮৮৬৩৫১৮

৬। **চুক্তির মেয়াদ:**

(১) এই চুক্তি ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য প্রযোজ্য হবে। উভয় পক্ষ সম্মত হলে পরবর্তী বছর নতুন চুক্তি সম্পাদন অথবা এ চুক্তির মেয়াদ আরো এক বৎসর বৃদ্ধি করা যেতে পারে।

৭। **বিরোধ নিষ্পত্তি:**

(১) উভয় পক্ষের মধ্যে কোন বিষয়ে কোন মতভেদ সৃষ্টি হলে আলোচনার মাধ্যমে তা নিষ্পত্তি করতে হবে।

৮। **বিশেষ ক্ষমতাঃ**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় অথবা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর IDCOL-কে কোন বরাদ্দ প্রদান করবে না। সংশ্লিষ্ট প্রকল্পের বিপরীতে প্রযোজ্য ক্ষেত্রে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনা মোতাবেক প্রকল্প কমিটি IDCOL-এর PO দেরকে Solar System এর মূল্য পরিশোধ করবে। এই চুক্তির শর্তের পরিপন্থী কোন কাজ প্রতীয়মান হলে অথবা অন্য কোন যুক্তিসংগত কারণে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এই চুক্তির কার্যকারিতা যেকোন সময়ে বাতিল করতে পারবে। এক্ষেত্রে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯। **চুক্তি স্বাক্ষরের স্থান ও তারিখ:** দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, **০১ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রি.**।

| **১ম পক্ষের স্বাক্ষর-**<br>**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**<br>**এর প্রতিনিধি** | **২য় পক্ষের স্বাক্ষর-**<br>**Infrastructure Development Company Limited**<br>**(IDCOL) এর প্রতিনিধি** |
|---|---|
| (স্বাক্ষর)<br>**মো. জাকির হোসেন আকন্দ**<br>অতিরিক্ত সচিব (ত্রাণ) | (স্বাক্ষর)<br>**মাহ্মুদ মালিক**<br>নির্বাহী পরিচালক |